**ভারতীয় কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধিতে প্রয়োজনীয় ব্যবস্থা**

1. কৃষির জনসংখ্যার চাপ হ্রাস - অন্যান্য ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে কৃষির উপর জনসংখ্যার চাপ কমিয়ে  কৃষির উৎপাদনশীলতা বাড়ানো যেতে পারে
2. গণ শিক্ষার বিস্তার- সাধারণ শিক্ষার  প্রসারের মাধ্যমে কৃষকদের মধ্যে অজ্ঞতা ও কুসংস্কারাচ্ছন্নতা দূর করতে হবে। সাধারণ শিক্ষার সঙ্গে কৃষি সংক্রান্ত শিক্ষা প্রসারের মাধ্যমে কৃষকদের গুণগত উৎকর্ষ সাধন করে কৃষির উৎপাদনশীলতা বাড়াবার চেষ্টা করা যেতে পারে
3. পর্যাপ্ত ঋণের জোগান - ঋণদানকারী প্রতিষ্ঠানগুলির ঋণদান পদ্ধতি আরও সহজ ও সরল করতে না পারলে চাষীদের মহাজনদের হাত থেকে মুক্ত করা যাবে না। ভারতের ঋণদানকারী প্রতিষ্ঠানগুলির সমন্বয় সাধন করে গ্রামীণ সমবায় সমিতির মাধ্যমে কৃষকদের প্রয়োজনীয় সমস্ত প্রকারের ঋণের প্রয়োজন মেটানোর ব্যবস্থা করা যেতে পারে
4. কৃষকদের দক্ষতা বৃদ্ধি কল্যাণমূলক কার্যসূচি - কল্যাণমূলক কার্যসূচি গ্রামাঞ্চলে প্রবর্তন করে কৃষি শ্রমিকদের জীবনের সুখ-স্বাচ্ছন্দ্য বৃদ্ধির ব্যবস্থা করতে হবে। গ্রামাঞ্চলে এমন সুদক্ষ পরিচালন কাঠামো গড়ে তুলতে হবে যাতে কৃষক তার জীবনের যেকোনো বিষয় সম্পর্কে সহায়তা ও পরামর্শ পেতে পারে। ফলে কৃষকদের মধ্যে কুসংস্কার থেকে মুক্ত হয়ে আধুনিক যুগের মানসিকতা সৃষ্টি হবে। তারা আরও দক্ষ হয়ে উঠবে।এতেকৃষির উৎপাদনশীলতা বাড়বে
5. অর্থনৈতিক জোতের প্রবর্তন - জমির খন্ডীকরণ ও বিক্ষিপ্ততা দূর করে  জমি গুলিকে একত্রিত করে এবং সমবায় ভিত্তিতে চাষের ব্যবস্থা করতে পারলে কৃষকদের উৎসাহিত করা যাবে এবং কৃষির উৎপাদনশীলতা বাড়বে
6. ভূমি সংস্কারের বাস্তব রূপায়ণ - কৃষক জমির মালিকানা পেলে কৃষিকার্যে উৎসাহিত হবে এবং উৎপাদনশীলতা বাড়বে
7. কৃষি সংগঠনে প্রয়োজনীয় পরিবর্তন - ভারতে পারিবারিকভিত্তিতে কৃষিকাজ চলে ,কিন্তু কৃষি ক্ষেত্রে অভিজ্ঞ ব্যক্তিদের আকৃষ্ট করে বিনিয়োগের পরিমাণ বাড়াতে হবে। এই উদ্দেশ্যে কৃষিক্ষেত্রে সমবায় চাষের ও প্রয়োজনে কৃষিতে বেসরকারি বিনিয়োগের পরিমাণ যাতে বাড়ে তার জন্য ব্যবস্থা অবলম্বন করতে হবে।কৃষিকে ব্যবসায়ী ভিত্তিতে পরিচালিত করতে হবে।
8. উন্নত পরিকাঠামো সৃষ্টি - গ্রামীণ কৃষকরা যাতে তাদের উৎপাদিত ফসলের ন্যায্য দাম পায় এবং বিভিন্ন প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ঋণ যাতে উন্নয়নের জন্য যথাযথ ভাবে বিনিয়োগ হয় তার ব্যবস্থা গ্রহণ করতে পারলে কৃষির উৎপাদনশীলতা বাড়বে
9. আধুনিক কৃষি কৌশলের প্রয়োগ- উন্নত রাসায়নিক সার ব্যবহার, দ্রুত ফলনশীল বীজের ব্যবহার, সুরক্ষার জন্য কীটনাশক ঔষধের ব্যবহার, উন্নত ধরনের কৃষি যন্ত্রপাতির প্রয়োগ এবং একই জমিতে বিভিন্ন ফসল উৎপাদনের ব্যবস্থা ইত্যাদির মাধ্যমে কৃষি পদ্ধতির উন্নয়নে কৃষির উৎপাদনশীলতা বাড়ানোর যেতে পারে
10. জলসেচ ব্যবস্থার উন্নতি -  ক্ষুদ্র ও বৃহৎ সেচের প্রসার ঘটিয়ে এবং তার উপযুক্ত ব্যবহার করে কৃষির উৎপাদনশীলতা বাড়ানো যেতে পারে
11. কৃষি গবেষনাগারের ধারাবাহিকতা রক্ষা - ভারতীয় কৃষি পর্ষদ, রাজ্যগুলির কৃষি বিশ্ববিদ্যালয় সমূহ ও অন্যান্য গবেষণা সংস্থা কৃষি সংক্রান্ত গবেষণায় যুক্ত আছে।এই সমস্ত সংস্থার গবেষণার সুফল কৃষকদের সঠিকভাবে পৌঁছে দিতে পারলে ভারতীয় কৃষির উৎপাদনশীলতা বাড়বে

-